

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সরেজমিন উইং  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারক নং-১২..১০.০০০০.০০৪.১৬.০৫২.১৩(২য় খন্ড)/

স্মারক ৭ (৮০)

তারিখঃ ১৯/০২/২০১৭ খ্রি:

প্রাপক

- ১। অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
..... অঞ্চল (সকল)।
- ২। উপপরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
..... জেলা (সকল)।

**বিষয়: বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা থাকায় মাঠে কৃষকের করণীয় বিষয়ে পরামর্শ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, চলতি সপ্তাহে দেশের কোন কোন জেলায় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে এসময়ে মাঠ ফসল রক্ষার্থে কৃষকগণকে নিম্ন বর্ণিত পরামর্শ প্রদানের নিমিত্ত আপনার আওতাধীন দপ্তরগুলোতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার অনুরোধ করা হলো।

- আলু ফসলের ক্ষেতে পানি প্রদান বন্ধ করে পরিপক্ক আলু যত দূর সম্ভব উত্তোলন শেষ করতে হবে।
- পরিপক্ক মুরুরী উত্তোলন করতে হবে।
- অনতিবিলম্বে পরিপক্ক গম ফসল কর্তন করে ভালভাবে রোদে শুকাতে হবে।
- বৃষ্টির পরপর অতি দ্রুত তিল ও মুগ বপন শেষ করতে হবে।
- নীচু জমির বোরো ধানে সেচ প্রদান সীমিত করতে হবে।
- সবজির জমিতে পানি সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- জমিতে জো ধরে রাখার জন্য বৃষ্টির পর মালচিং ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- পরিপক্ক ভুট্টার মোচা বৃষ্টির পর জমিতে খোলস ছাড়াতে হবে।
- সকল ধরণের কুমড়া জাতীয় সবজির বীজ বপন শেষ করতে হবে।
- কেনাফ ও পাট বপনের জন্য জমি চূড়ান্তভাবে প্রস্তুত শেষ করতে হবে।

(চৈতন্য কুমার দাস)  
পরিচালক

সরেজমিন উইং

১৯/০২/২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।